ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

<u>স-২৬৩৩</u>

শান্তিরবাজার, ৩০ আগস্ট, ২০২৫

**শান্তিরবাজারে জৈব বৈচিত্র্য বিষয়ে কর্মশালা অনুষ্ঠিত**

বন দপ্তরের উদ্যোগে শান্তিরবাজারে সম্প্রতি দক্ষিণ ত্রিপুরা জেলাভিত্তিক এক জৈব বৈচিত্র্য বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়। শান্তিরবাজারস্থিত মহকুমা বন আধিকারিকের অফিসের কনফারেন্স হলে আয়োজিত এই কর্মশালার উদ্বোধন করেন দক্ষিণ ত্রিপুরা জিলা পরিষদের সভাধিপতি দীপক দত্ত। এছাড়া অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন শান্তিরবাজার পুর পরিষদের চেয়ারপার্সন স্বপ্না বৈদ্য, ভাইস চেয়ারপার্সন সত্যব্রত সাহা, বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। কর্মশালায় বিশেষজ্ঞগণ জৈব বৈচিত্র্য সংরক্ষণ, পরিবেশরক্ষা ও ভবিষ্যৎ প্রজন্মের জন্য বন ও বন্যপ্রাণীর সুরক্ষার প্রয়োজনীয়তা নিয়ে বিস্তারিত আলোচনা করেন। বন ধ্বংস, প্লাস্টিক ব্যবহার, দূষণ এবং জলবায়ু পরিবর্তনের ফলে জৈব বৈচিত্র্যের উপর যে নেতিবাচক প্রভাব পড়ছে সে সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। এছাড়া বৃক্ষরোপণ, বন্য প্রজাতির সংরক্ষণ এবং জনসাধারণকে সচেতন করার লক্ষ্যে সবার সম্মিলিত উদ্যোগ গ্রহণের উপরও জোর দেওয়া হয়।

********